

স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের স্থাপত্য বিভাগের আর্কফেস্ট-২০২২ শেষ হয়েছে। গত ২৩ থেকে ২৭ জুলাই বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। এবারের আর্কফেস্টের প্রতিপাদ্য বিষয় ছিল-দোরগোড়া, পরিবৃত্তি ও রূপান্তর। ২৩ জুলাই সকালে স্টেট ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের প্রধান অধ্যাপক সাজিদ বিন দোজার সূচনা বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ারুল কবির, উপউপাচার্য নওয়াজিয়া ইসলাম, স্থাপত্য বিভাগের উপদেষ্টা শামসুল ওয়ারেস, বাংলাদেশ স্থপতি ইন্সিটিউটের প্রেসিডেন্ট স্থপতি মোবাশের হোসেন ও এশিয়ান পেইন্টসের জেনারেল ম্যানেজার বুধাদিত্য মুখার্জি। এ সময় মূল প্রবন্ধ উপস্থাপন করেন আগা খান স্থাপত্য পুরস্কার বিজয়ী স্থপতি মেরিনা তাবাসসুম।

আর্কফেস্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। মূল প্রবন্ধ উপস্থাপন করেন স্ট্রপ্তি রাফিক আজম। এ সময় ‘ডিজাইন শেরেট’ প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন শেখ ফজলে নূর তাপস।

শিক্ষা থেকে আরও পড়ুন